# ই-গভর্নেন্স এবং ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩

# (খসড়া)

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ স্বপ্নপূরণের লক্ষ্যে এবং প্রধানমন্ত্রীর দপ্তর ও কেবিনেট বিভাগের বিভিন্ন নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ সরকারের সকল পরিষেবাগুলিকে একটি পোর্টালে এক প্ল্যাটফর্মে আনার জন্য,মন্ত্রণালয় ও মিশনসমূহের সম্পূর্ণ কনস্যুলার সেবা এবং সদর দপ্তর ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের প্রশাসনিক পরিষেবা ও অন্যান্য অভ্যন্তরীণ সেবাগুলাকে ডিজিটালাইজেশনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করছে।

২০২২ - ২০২৩ অর্থবছরের শুরুতেই মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয় এবং পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) পররাষ্ট্র মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স এবং ইনোভেশন বিষয়ে বেশ কয়েকটি দিক নির্দেশনা প্রদান করেন| এর মধ্যে উল্লেখযোগ্য ছিল ই-গভর্নেন্স এবং ইনোভেশন বিষয়ে বেশ কিছু তাত্ত্বিক এবং ব্যবহারিক নির্দেশনা|

## i. পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা

মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা এবং মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয় এবং পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) এর বিভিন্ন নির্দেশনার আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন 'ডিজিটাল বাংলাদেশের' মূল নীতিগুলি বাস্তবায়ন করার জন্য সদর দপ্তর ও বাংলাদেশ মিশনসমূহে বেশ কয়েকটি উদ্যোগ ইতোমধ্যে বাস্তবায়ন করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। সেই মোতাবেক ই-গভর্নেন্স এবং ইনোভেশন বিষয়ে একটি সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ করে বিস্তারিত ও সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রতিশ্রুত ই-গভর্ন্যান্স প্রতিষ্টার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় বদ্ধ পরিকর। এটির জন্য যথোপযুক্ত ভিত্তি অর্জন করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ই-গভর্ন্যান্স এর ৭ টি মূল ভিত্তি (ই-নথি, ডিজিটাল আর্কাইভ, নিউরাল নেটওয়ার্ক, MyGov, Government Resource Planning (GRP), Innovation Lab এর উপর কাজ করছে। ই-গভর্ন্যান্স-এর মূল ভিত্তি গুলো প্রতিষ্ঠার ফলে পররাষ্ট্র মন্ত্রণালয় এখন ই-গভর্নেন্স এবং ইনোভেশনের মূল ও প্রাতিষ্ঠানিকীকরণের কাজগুলোতে মনোযোগ দিতে পারছে।

## ii. পররাষ্ট্র মন্ত্রণালয়ের অর্জন

পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক এ লক্ষ্য অর্জনের জন্য ইতোমধ্যে সম্পাদিত কয়েকটি উদ্যোগ হল:

### ক. ইউনিফাইড ও আইডেন্টিকেল ওয়েবসাইট

৭ জুলাই ২০২২ এ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ইউনিফাইড ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। a2i এর সহায়তায় নতুন চালুকৃত ইউনিফাইড ওয়েবসাইটের মাধ্যমে প্রায় এক দশক দীর্ঘ প্রচেষ্টার সমাপ্তি হয়েছে। ইউনিফাইড ওয়েবসাইটের মাধ্যমে ৮১ টি বাংলাদেশ মিশন ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটের আউটলুক একই থাকবে, কিন্তু মিশন অনুযায়ী তথ্য ভিন্ন থাকবে। পোর্টালটি অ্যাক্সেস করার জন্য শুধুমাত্র মিশনের নামটি keying-in করা প্রয়োজন। ওয়েবসাইটে এড্রেস ও মেনু বার ও একই রকম থাকবে।

### খ. MyGov প্ল্যাটফর্মের মাধ্যমে কন্স্যুলার সার্ভিস ডিজিটালাইজকরণ

পররাষ্ট্র মন্ত্রণালয় MyGov টিমের সদয় সহায়তায় ডিজিটাল প্ল্যাটফর্মে ৩৪টি কনস্যুলার পরিষেবা এবং ২৮টি অভ্যন্তরীণ পরিষেবা আনতে সক্ষম হয়েছে। ৭২ ঘন্টা ব্যাপী ডিজাইন, ভ্যালিডেশন এবং ইন্টিগ্রেশন কর্মশালার তিনটি রাউন্ড শেষ করার পরে, ৩৪টি কনস্যুলার পরিষেবা এবং ২৮টি অভ্যন্তরীণ পরিষেবার কার্যকারিতা যাচাইকরণের জন্য ক্রস-চেক করা হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সমস্ত পরিষেবাগুলি এখন UDC (ইউনিয়ন ডিজিটাল সেন্টার) এবং 333 কল-লাইন থেকে পাওয়া যাবে। এতে প্রথমবারের মতো বাংলাদেশের সমস্ত শহর ও গ্রাম থেকে MOFA আর্কিটেকচারে এক ক্লিকে পৌঁছানো যাবে।

### গ. Dutabash অ্যাপ সংস্করণ 2.1

মন্ত্রণালয় ২০১৯ সালে "Dutabash" অ্যাপ্লিকেশনটি চালু করেছে যা ৩৪ টি কনস্যুলার এবং কল্যাণমূলক পরিষেবা প্রদানের জন্য (যেগুলা মন্ত্রণালয় ম্যানুয়ালি প্রদান করে থাকে) একটি ডিজিটাল প্ল্যাটফর্ম। এই ডায়নামিক অ্যাপ্লিকেশনটি বাংলাদেশে এবং বিদেশে বসবাসকারী সেবাপ্রার্থীদের জন্য চালু করা হয়েছে। এই অ্যাপ্লিকেশনটি অ্যান্ড্রয়েড এবং IOS উভয় প্ল্যাটফর্মে ব্যবহার করা যেতে পারে। কিছু প্রযুক্তিগত এবং প্রশাসনিক ত্রুটির জন্য অ্যাপটি আশানুরূপ কাজ করেনি। গত কয়েক মাস ধরে, মন্ত্রণালয় "Dutabash v. 02" চালু করার জন্য কাজ করেছে এবং 2021 সালের শেষ নাগাদ মন্ত্রণালয় এই অ্যাপটিকে সারা বিশ্ব জুড়ে সেবাগ্রহণকারীদের জন্য ব্যবহারের উপযোগী করে তুলেছে।

### ঘ. দ্বিপাক্ষিক এবং বহুপাক্ষিক বিভিন্ন বৈঠকের জন্য Boithok অ্যাপ ব্যবহার করা

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং আইসিটি বিভাগ দ্বারা যৌথভাবে উদ্ভাবিত "বৈঠক" ব্যবহারের ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয় ছিল অগ্রগামী। শুধু ব্যবহারই নয়, কোভিড পরিস্থিতিতে এই app টি ব্যবহারের জন্য প্রচারণাও করা হয়েছে।

## iii. ই-গভর্নেন্স এবং ইনোভেশন বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের বর্তমান কর্মপরিকল্পনা

প্রকৃত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় উদ্ভাবনের বিকাশকে গুরুত্ব দিয়ে আইসিটি ডোমেনে কাজ করছে। এই উদ্যোগগুলো বাংলাদেশের অর্থনৈতিক কূটনীতি ও জনকূটনীতির অংশ। ২০২২-২০২৩ বর্ষে, পররাষ্ট্র মন্ত্রণালয় চলমান উদ্যোগগুলোর মধ্যে আছে:

| কর্মপরিকল্পনা | বিস্তারিত | সম্ভাব্য সমাপ্তির তারিখ |
|---|---|---|
| ই-নথি | মন্ত্রণালয়ের পাশাপাশি বিদেশস্থ বাংলাদেশের মিশনসমূহে চালু করার লক্ষ্যে মিশনগুলোর অর্গানোগ্রাম নিশ্চিতকণের জন্য বাংলাদেশ দূতাবাসসমূহ, বাংলাদেশ হাইকমিশনসমূহ, উপ-হাইকমিশনসমূহ, সহকারী হাইকমিশনসমূহ, কনস্যুলেট জেনারেলসমূহ, কনস্যুলেটসমূহ ও বাংলাদেশ স্থায়ী মিশনসমূহে খসড়া অর্গানোগ্রাম প্রেরণ করা হয়েছে। | ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। |
| ডিজিটাল-নথি(ডি-নথি) | মন্ত্রণালয়ের পাশাপাশি বিদেশস্থ বাংলাদেশের মিশনসমূহে ডি-নথি চালু করার লক্ষ্যে মন্ত্রণালয় কাজ করছে। এজন্য প্রয়োজনীয় প্রশিক্ষন আয়োজন করা হবে। | ডিসেম্বর ২০২২ |
| MoFA ডিজিটাল আর্কাইভ | মন্ত্রণালয় আইসিটি বিভাগের ডিএসডিএল টিমের সাথে কাজ করছে এবং প্রথমবারের মতো সম্পূর্ণ পুনরুদ্ধারযোগ্য ডিজিটাল আর্কাইভ তৈরি প্রক্রিয়াধীন রয়েছে। এই আর্কাইভে প্রাথমিকভাবে ১.৫ মিলিয়নেরও বেশি রেকর্ড ইলেকট্রনিক্যালি সংরক্ষণ করা যাবে। একবার সম্পূর্ণরূপে নির্মিত হয়ে গেলে -ডকুমেন্টস তৈরি হওয়ার সাথে সাথে নতুন রেকর্ডগুলি যোগ হতে থাকবে আর্কাইভে। এছাড়াও বিভিন্ন ডকুমেন্টস এর সক্রিয় ব্যবস্থাপনা এবং পুনরুদ্ধারের প্রক্রিয়া বিবেচনাধীন রয়েছে। | ডিসেম্বর ২০২৩ |
| GRP | ইতিমধ্যেই সদর দপ্তর এবং বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনে সরকারী সম্পদ ব্যবহারের পরিকল্পনার জন্য জিআরপি ব্যবস্থা চালু করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে গত ০৭ অক্টোবর ২০২১ তারিখে একটি পত্র প্রেরণ করা হয়েছে। সরকারি সম্পদের দায়িত্বশীল ব্যবহার সুনিশ্চিতকরণে GRP একটি সহায়ক হাতিয়ার হবে। | ডিসেম্বর ২০২৩ |
| ইনোভেশন ল্যাব (iLab) | পররাষ্ট্র মন্ত্রণালয় ইনোভেশন ল্যাব প্রতিষ্ঠায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এটুআই এর সহযোগিতায় মন্ত্রণালয়ের নতুন ভবনে এই ল্যাব প্রতিষ্ঠা করা হবে। ল্যাবে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিভিন্ন মডেল প্রদর্শিত হবে। | ডিসেম্বর ২০২২ |
| নিউরাল নেটওয়ার্ক | বাংলাদেশের বিভিন্ন নীতি নির্ধারণে, পররাষ্ট্র বিষয়ক ও আন্তর্জাতিক বানিজ্য বিষয়ক বিভিন্ন ক্ষেত্রে "Data Driven Decision Making" নিশ্চিতকরণের লক্ষ্যে নিউরাল নেটওয়ার্ক তৈরির কাজ করে যাচ্ছে পররাষ্ট্র মন্ত্রণালয়। | ডিসেম্বর ২০২৩ |

## iv. পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

| কর্মপরিকল্পনা | বিস্তারিত | সম্ভাব্য সমাপ্তির তারিখ |
|---|---|---|

DRAFT

| | | |
|---|---|---|
| হটলাইন স্থাপন | মন্ত্রণালয়ের পাশাপাশি বিদেশস্থ বাংলাদেশের মিশনসমূহে সরাসরি যোগাযোগ চালু করার লক্ষ্যে একটি হট লাইন স্থাপন করা হবে। এ লক্ষ্যে মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | জুন ২০২৩ |
| Crypto Communication | পররাষ্ট্র মন্ত্রণালয় দেশের প্রথম ব্লকচেইন ভিত্তিক সার্ভিস শুরু করতে যাচ্ছে। এ লক্ষ্যে ক্রিপ্টো যোগাযোগ ব্যবস্থা স্থাপন করা হবে যাতে মন্ত্রণালয়ের পাশাপাশি বিদেশস্থ বাংলাদেশের মিশনসমূহ সরাসরি যুক্ত হবে। | জুন ২০২৩ |
| ইন্টিগ্রেটেড কল সেন্টার | নাগরিক সুবিধা নিশ্চিতকরণের পাশাপাশি বিদেশস্থ প্রবাসীদের নানা সমস্যার সমাধানকল্পে পররাষ্ট্র মন্ত্রণালয় একটি সমন্বিত কল সেন্টার চালু করবে যা ২৪/৭ সচল থাকবে এবং যেকোনো সময়ে সেবা পাওয়া যাবে। | জুন ২০২৩ |
| ডিজিটাল কন্ট্রোল রুম | উন্নত যোগাযোগ ব্যবস্থা, বিদেশস্থ বাংলাদেশের মিশনসমূহের সাথে সমন্বয় সাধন, অভিন্ন ওয়েবসাইট এর সাপোর্ট সেন্টার, মন্ত্রণালয়ের আইসিটি বিভাগের কার্যক্রম মনিটরিং এর জন্য একটি আধুনিক ডিজিটাল কন্ট্রোল রুম স্থাপনের পরিকল্পনা রয়েছে। | জুন ২০২৩ |

DRAFT